

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।  
www.dss.kasba.brahmanbaria.gov.bd

স্মারক নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.০৪.০০২.২২.০১

তারিখঃ ০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ।

বিষয়: সুদমুক্ত ক্ষুদ্রঋণ কর্মসূচি আওতায় সকল ধরনের ক্ষুদ্রঋণ বিনিয়োগ এবং পুনঃবিনিয়োগে ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহকরণ।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের পল্লী অঞ্চলে বসবাসরত দুঃস্থ, অসহায়, অবহেলিত, অনগ্রসর ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র এবং দক্ষ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম পরিচালিত হচ্ছে। দারিদ্র্য বিমোচনে অত্র কার্যালয়ের মাধ্যমে মাঠ পর্যায়ে পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র এবং দক্ষ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম খাতে প্রায় ৪ কোটি টাকা সুদমুক্ত ক্ষুদ্রঋণ বিনিয়োগ এবং পুনঃবিনিয়োগ করা আছে। নীতিমালা অনুযায়ী কর্মসূচি ভিত্তিক বরাদ্দ রেজিস্টার, ক্যাশ রেজিস্টার, বিতরণ রেজিস্টার, প্রকল্প গ্রাম ভিত্তিক ক্যাশ রেজিস্টার, আদায় রেজিস্টার, ব্যাংক স্টেটমেন্ট, গ্রাম কমিটির সভার কার্যবিবরণী, ঋণ গ্রহীতাদের তালিকা প্রনয়ণ, যাচাই বাছাই, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা আহবান, সভার কার্যবিবরণী হালনাগাদ রাখতে হয়। কিন্তু ইদানিং ক্ষুদ্রঋণ বিনিয়োগ এবং পুনঃবিনিয়োগে হালনাগাদকৃত সংশ্লিষ্ট রেজিস্টার এবং ব্যাংক স্টেটমেন্ট ব্যতীত ফাইলপত্র উপস্থাপন করা হচ্ছে, যা নীতিমালা অনুযায়ী কর্মসূচী বাস্তবায়নের অন্তরায়।

এমতাবস্থায়, পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র এবং দক্ষ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের আওতায় সকল ধরনের ক্ষুদ্রঋণ বিনিয়োগ এবং পুনঃবিনিয়োগে বাধ্যতামূলকভাবে হালনাগাদকৃত সংশ্লিষ্ট রেজিস্টার এবং ব্যাংক স্টেটমেন্টসহ ফাইলপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ আলমগীর মিয়া

উপজেলা সমাজসেবা অফিসার

মোবাইল- ০১৭০৮৪১৪৭৫৬

টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬

ইমেইল-usso.kashba@dss.gov.bd

ইউনিয়ন সমাজকর্মী (সকল)

উপজেলা সমাজসেবা কার্যালয়,

কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.০৪.০০২.২২.০১


তারিখঃ ০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

২. ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৩. অফিস কপি।



মোহাম্মদ আলমগীর মিয়া

উপজেলা সমাজসেবা অফিসার